

জেলা পরিষদ, ফরিদপুর
www.zpfaridpur.org

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-জেপফ/প্রশা/শিক্ষাবৃত্তি/১৩-০৫/২০২১-২০২২/ ৫৭১(১০০)


তারিখ : ০১ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
১৫ জুন ২০২২ খ্রিস্টাব্দ

এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলা পরিষদের অধীন ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব তহবিলের অর্থায়নে মেধাবী ছাত্র-ছাত্রীদের এককালীন শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। আত্মীয় শিক্ষার্থীদের ফরিদপুর জেলা পরিষদের নির্ধারিত ফরমে আগামী ৩০-০৬-২০২২ তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী :

- ১। আবেদনকারীকে ফরিদপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীকে ২০২১ সালে অনুষ্ঠিত এস.এস.সি/সমমান অথবা এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। বিজ্ঞান বিভাগে জিপিএ-৫, মানবিক বিভাগে জিপিএ-৪.৭৫ এবং ব্যবসায় শিক্ষা বিভাগে জিপিএ-৪.৭৫ প্রাপ্ত ছাত্র-ছাত্রী আবেদন করতে পারবেন।
- ৩। আবেদন ফরম জেলা পরিষদ কার্যালয়, ফরিদপুর; উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর; জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, ফরিদপুর এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), ফরিদপুর হতে সংগ্রহ করা যাবে। এ ছাড়া www.zpfaridpur.org ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে।
- ৪। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি (সত্যায়িত), অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ দাখিল করতে হবে।
- ৫। আবেদনপত্র আগামী ৩০-০৬-২০২২ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে।
- ৬। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।


মোঃ মুজিবুর রহমান

(উপসচিব)

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ফরিদপুর

টেলিফোন : ০৬৩১-৬১০৩০

e-mail: ceo@zpfaridpur.org

অনুলিপি : সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো-

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২। পুলিশ সুপার, ফরিদপুর।
- ৩। সিভিল সার্জন, ফরিদপুর।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ফরিদপুর।
- ৫। মেয়র, পৌরসভা (সকল), ফরিদপুর।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।
- ৭। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
- ৮।
- ৯। সম্পাদক, সাপ্তাহিক গণমন, ফরিদপুর।
- ১০। অফিস কপি।